প্রথম আলো

03 DEC 2008
১৮ ৬

# ঢাকা বিশ্ববিদ্যালয়ের দুটি ইউনিটের ভর্তি প্রক্রিয়ার ওপর স্থগিতাদেশ

সুপ্রিম কোর্ট প্রতিবেদক ●

ঢাকা বিশ্ববিদ্যালয়ের সাতটি বিভাগে মাদ্রাসার ছাত্রদের ভর্তির ক্ষেত্রে যেসব শর্ত দেওয়া হয়েছে, সেসব শর্তের কার্যক্রম চার সপ্তাহের জন্য স্থগিত করে দিয়েছেন হাইকোর্ট। গতকাল মঙ্গলবার বিচারপতি মীর হাসমত আলী ও বিচারপতি শামীম হাসনাইনের সমন্বয়ে গঠিত বেঞ্চ এই স্থগিতাদেশ দেন।

এ আদেশের ফলে খ ও ঘ ইউনিটের ২০০৮-০৯ শিক্ষাবর্ষে ভর্তির প্রক্রিয়া স্থগিত হয়েছে বলে আইনজীবীরা জানিয়েছেন। এরই মধ্যে এই দুটি ইউনিটের ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হয়েছে; তবে ফলাফল প্রকাশিত হয়নি।

মাদ্রাসায় পড়ুয়া শিক্ষার্থীদের এক রিট আবেদনের পরিপ্রেক্ষিতে হাইকোর্টের অন্য একটি বেঞ্চ গত ২৬ অক্টোবর এসব শর্ত কেন আইনগত কর্তৃত্ব-বহির্ভূত ও অবৈধ ঘোষণা করা হবে না, হাইকোর্ট তার ব্যাখ্যা চেয়ে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের প্রতি রুল জারি করেছিলেন।

এই সাতটি বিভাগে ভর্তির শর্ত বাতিল চেয়ে বিশ্ববিদ্যালয়ে ভর্তি হতে ইচ্ছুক ইব্রাহিম খলিলসহ পাঁচজন ছাত্র একটি রিট করেন। ছাত্রদের পক্ষে ব্যারিস্টার মোহাম্মদ বেলায়েত হোসেন রিটটি দায়ের করেন। ব্যারিস্টার আবদুর রাজ্জাক গতকাল এসব শর্ত স্থগিত করতে হাইকোর্টে আবেদন জানান। হাইকোর্ট শর্ত স্থগিত করে আগামী ১৪ ডিসেম্বর রিটের চূড়ান্ত শুনানির তারিখ ধার্য করেন।